# বিএমএড প্রোগ্রাম

## ১ম সিমেস্টার

## শিক্ষাবর্ষ: ২০২৫ (ব্যাচ-২০২৫)

## নির্ধারিত কাজ (Assignment)

| ১. কোর্সের নাম: মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা (BMED 1401) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | ভাববাদ, প্রকৃতিবাদ ও প্রয়োগবাদ দর্শনের মূলবক্তব্য উল্লেখপূর্বক এই তিনটি মতবাদের মধ্যে তুলনাকরণ। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের বৈশিষ্ট্য, বিশেষ শিক্ষা চাহিদা এবং বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীর শিখন চাহিদা পূরণে একজন শিক্ষকের করণীয় দিকগুলো নির্ধারণ। | ১০ |

| ২. কোর্সের নাম: শিখন-শেখানো দক্ষতা ও কৌশল (BMED 1402) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | আদর্শ শ্রেণিকক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে শিখন-শেখানো কার্যাবলিকে অধিকতর ফলপ্রসূ করার উপায় নিরূপন। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | শিক্ষকের পেশাগত উন্নয়নের ধারণা ও গুরুত্ব উল্লেখপূর্বক পেশাগত উন্নয়নের উপাদানসমূহ কার্যকরভাবে প্রয়োগের কৌশল বিশ্লেষণ। | ১০ |

| ৩. কোর্সের নাম: আল কুরআন ও তাজবীদ শিক্ষণ (BMED 1441) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | রাসূল (সা.) ও সাহাবা (রা.)-এর যুগে আল কুরআন অধ্যয়ন ও শিখন-শেখানোর কৌশল। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | আল কুরআন ওয়াত তাজবীদ শিক্ষণে শিক্ষা উপকরণ উন্নয়নের বিবেচ্য বিষয়সমূহ। | ১০ |

| ৪. কোর্সের নাম: আল হাদিস শিক্ষণ (BMED 1442) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | হাদিস জাল করার কারণ এবং তা প্রতিরোধের উপায়। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | হাদিস বিষয়ের শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের উপস্থিতি ও সক্রিয় অংশগ্রহণ বৃদ্ধির কর্মপরিকল্পনা। | ১০ |

| ৫. কোর্সের নাম: আরবি শিক্ষণ (BMED 1443) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | বাংলাদেশে আরবি ভাষার উন্নয়ন প্রক্রিয়া বিশ্লেষণ।<br>تحليل عملية تطوير اللغة العربية في بنغلاديش | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | আরবি ভাষার চারটি দক্ষতা শিক্ষাদানের পদ্ধতি ও কৌশল নিরূপন।<br>تحديد طرائق وأساليب تعليم المهارات الأربع للغة العربية | ১০ |

| ৬. কোর্সের নাম: আকাইদ ও ফিকহ শিক্ষণ (BMED 1444) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | ইজতিহাদের পরিচয় ও প্রয়োজনীয়তা: একটি পর্যালোচনা। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | আকাইদ ও ফিকহ বিষয়ে ব্যবহারযোগ্য একটি উত্তম পাঠ পরিকল্পনার প্রয়োজনীয় উপাদানসমূহ। | ১০ |

14.07.25 * 2/2 14.7.25

# বিএমএড প্রোগ্রাম

## নির্ধারিত কাজ (Assignment) তৈরির নির্দেশনা

১. নির্ধারিত কাজ অবশ্যই স্বহস্তে লিখতে হবে (কম্পিউটার কম্পোজ গ্রহণযোগ্য নয়)।

২. নির্ধারিত কাজ ৪০০-৫০০ শব্দের মধ্যে হতে হবে এবং প্রয়োজনে লাল কালি ব্যতীত অন্যান্য কালি ব্যবহার করতে পারবেন।

৩. নির্ধারিত কাজ তৈরিতে প্রশিক্ষণার্থী স্বকীয়তা ও সৃজনশীলতা প্রয়োগ করবেন।

৪. নির্ধারিত কাজের কাঠামো হবে নিম্নরূপ:

ক. সর্বপ্রথমে একটি কাভার পৃষ্ঠা থাকবে। কাভার পৃষ্ঠায় কোর্সের নাম, কোড নম্বর, বিষয়বস্তু, প্রশিক্ষণার্থীর আইডি, শিক্ষাবর্ষ, ব্যাচ, সিমেস্টার, স্টাডি সেন্টারের নাম, টিউটরের নাম ও পদবি ইত্যাদি উল্লেখ থাকবে।

খ. দ্বিতীয় পৃষ্ঠায় সূচিপত্র থাকবে।

গ. তৃতীয় পৃষ্ঠা থেকে বিষয়বস্তু এবং সংকেত (যদি থাকে) অনুসারে ধারাবাহিক বর্ণনা থাকবে।

ঘ. সর্বশেষ পৃষ্ঠায় নির্ধারিত কাজটি তৈরির যে সকল গ্রন্থ ও অন্যান্য উৎসের সহায়তা নেয়া হয়েছে তার একটি গ্রন্থপঞ্জি থাকবে।

ঙ. নির্ধারিত কাজটি A4 সাইজের অফসেট কাগজে প্রতি পাতার একপাশে লিখতে হবে এবং বাঁধাই-এর জন্য বাম পাশে তিনটি স্ট্যাপল করে তা স্কচটেপ দিয়ে ঢেকে দিতে হবে (স্পাইরাল বা অন্য কোন প্রকারের বাঁধাই করা যাবে না)।

৫. বিএমএড পরীক্ষার রুটিনের সাথে 'নির্ধারিত কাজ' জমা দেওয়ার নির্দিষ্ট তারিখ ও সময় উল্লেখ থাকবে। প্রশিক্ষার্থীগণ উল্লেখিত তারিখ ও সময়ে স্বশরীরে সংশ্লিষ্ট টিউটরের নিকট জমা দিবেন এবং স্বাক্ষরপত্রে স্বাক্ষর করবেন। কেন্দ্র সমন্বয়কারী কোর্সভিত্তিক স্বাক্ষরপত্র ও টপশিটসহ আলাদা আলাদা প্যাকেট করে সংশ্লিষ্ট টিউটরের মাধ্যমে মূল্যায়ন করিয়ে নম্বরপত্র "পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, বাউবি, গাজীপুর-১৭০৫" বরাবর প্রেরণ করবেন।

৬. নির্ধারিত কাজ নিম্নলিখিত কারণে বাতিল বলে গণ্য হবে:

ক. নিদের্শনায় উল্লিখিত 'নির্ধারিত কাজের কাঠামো' এবং বাঁধাই অনুসরণ না করে জমাদান।

খ. নির্ধারিত কাজের বিষয়বস্তু ঠিক না থাকা।

গ. নির্ধারিত কাজের কভার পৃষ্ঠা এবং ভিতরের বিষয়বস্তুর গড়মিল।

৭. কোন প্রশিক্ষাণার্থীর নির্ধারিত কাজে কোন প্রকার অসুদপায় অবলম্বনের প্রমাণ পাওয়া গেলে উক্ত প্রশিক্ষণার্থীর নির্ধারিত কাজ বাতিলসহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। অসুদপায়ের মধ্যে রয়েছে–

ক. নির্ধারিত কাজ হুবহু কপি করা।

খ. নির্ধারিত কাজ ক্রয় করে জমাদান।

গ. প্রশিক্ষণার্থী স্বহস্তে না লিখে অন্য কোন ব্যক্তিকে দিয়ে লেখানো।

ঘ. অন্য প্রক্ষিণার্থীর নির্ধারিত কাজ উন্নতমানের ফটোকপি করে জমাদান।

বি.দ্রঃ প্রশিক্ষণার্থীরা উপরিউক্ত নির্দেশনা মেনে নির্ধারিত কাজ জমা দিচ্ছে কিনা তা যাচাই করার জন্য টিউটরগণকে অনুরোধ করা হলো।

14.07.25

14.7.25

E: BEd_Program_TMA_Instructions_J